

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন-২ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৭(অংশ-১).৭৬২

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৪
০৮ নভেম্বর ২০১৭

প্রেরকঃ মোঃ শহীদুল ইসলাম
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দ হতে স্থানীয় সরকার বিভাগের আওতায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নধীন 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোডঃ ৫১১৮) ১ম কিস্তির আংশিক সিডিভ্যাট পরিশোধের জন্য অর্থ ছাড়।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্থানীয় সরকার বিভাগের ২৭ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৪.৫১৮ নং সরকারি আদেশের অনুবৃত্তিক্রমে উল্লিখিত প্রকল্পের জন্য বর্তমান অর্থ বছরের (২০১৭-১৮) বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সিডিভ্যাট বাবদ ধার্যকৃত বরাদ্দ হতে প্রকল্পের আওতায় সিডিভ্যাট বাবদ ব্যয় নির্বাহের জন্য জিওবি অংশের ১ম কিস্তির আংশিক সিডিভ্যাট হিসেবে ৪৫,৩২,৩১৭.০০ (পঁয়তাল্লিশ লক্ষ ত্রিশ হাজার তিনশত সতের) টাকা ছাড়ের মঞ্জুরি জ্ঞাপন করছি।


২। এ ব্যয় মঞ্জুরী নং-৩৩, এলজিইডি কোড-৩৭৩১, 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' (প্রকল্প কোড-৫১১৮), শীর্ষক প্রকল্পের জন্য রক্ষিত চলতি অর্থ বছরের (২০১৭-১৮) বাজেট বরাদ্দ হতে বহন করা হবে।

৩। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এই অর্থ অনুদান/ বিনিয়োগ/ ঋণ হিসেবে মঞ্জুরি করা হইল।

৪। প্রকল্প পরিচালক কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল দাখিল হইবে। এলজিইডি এর সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক ৫টি হইল লোডার ও ২টি হাইড্রলিক বিম লিফটার সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স সরকার কবির আহম্মেদ এবং ৫টি মিনি স্ক্যাভেটর সরবরাহকারী প্রতিষ্ঠান প্রিমিয়ার ট্রেডিং ইন্টারন্যাশনাল এর অনুকূলে সিডিভ্যাট বাবদ অবমুক্তকৃত অর্থের চেক প্রদান করা যাবে।

৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩ নভেম্বর ২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের প্রেক্ষিতে অত্র বিভাগকে যে ক্ষমতা অর্পণ করা হইয়াছে, সেই অনুসারে জারি করা হইল। নিয়োক্ত শর্তে এই অর্থ ছাড় করণে সম্মতি প্রদান করা হইয়াছেঃ

- (১) সিডিভ্যাট বাবদ অর্থ পরিশোধের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অর্থ বিভাগ জারিকৃত অর্থ ছাড়ের নির্দেশাবলী ও যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০১৮ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৩) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (৪) অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না।



মোঃ শহীদুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫১১৬০৩
ই-মেইলঃ dsc2.lgd.gov@gmail.com

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৭(অংশ-১).৭৬২/১(৮)

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৪
০৮ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাঃ ১১)।
- ২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। প্রকল্প পরিচালক, 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' শীর্ষক প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ৮। অফিস কপি।


মোঃ শহীদুল ইসলাম
উপসচিব